

স্মারক নং- ২৫.০০.০০০০.৫৬.৮৮.০০২.২১ - ৪১৬

তারিখঃ ০৪ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ।
১৭ ফেব্রুয়ারি ২০২২ খ্রিষ্টাব্দ।

সেবা সহজিকরণের অফিস আদেশ

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর আওতায় এ মন্ত্রণালয়ের আওতাধীন বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র ও ওসমানী স্মৃতি মিলনায়তন বরাদ্দ পদ্ধতি সহজিকরণসহ অনলাইনে প্রদান করার উদ্যোগ গ্রহণ করা হয়েছিল।

০২। বর্ণিত সেবাটি অনলাইন পদ্ধতিতে প্রদানের জন্য ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর আওতায় Venue Management System (VMS) নামক একটি সফটওয়্যার প্রস্তুত করা হয়েছে। Venue Management System এর মাধ্যমে আবেদনকারী Online-এ Venue (বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র ও ওসমানী স্মৃতি মিলনায়তন) বরাদ্দ পাওয়ার জন্য আবেদন করতে পারবেন এবং বরাদ্দ পেলে ই-মেইলের মাধ্যমে তা জানতে পারবেন এবং সিস্টেম থেকে বরাদ্দ পত্র ডাউনলোড করে নিতে পারবেন। মন্ত্রণালয়ের ওয়েবসাইটে অভ্যন্তরীণ ই-সেবার আওতায় Venue Management System (VMS) লিংকে গিয়ে ব্যবহারকারীগণ এই সহজিকৃত অনলাইন সেবাটি গ্রহণ করতে পারবেন।

০৩। বর্ণিতাবস্থায়, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/কর্মচারীগণকে এবং বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র ও ওসমানী স্মৃতি মিলনায়তন বরাদ্দ পেতে ইচ্ছুক সকলকে Venue Management System (VMS) সফটওয়্যার এর মাধ্যমে অনলাইনে বর্ণিত কার্যক্রম সম্পাদনের জন্য নির্দেশক্রমে বিনীত অনুরোধ করা হলো।

Mihir
(মিহির কান্তি সরকার)

সিস্টেম এনালিস্ট

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

ফোনঃ ০২-৫৫১০১২১৪

ই-মেইলঃ mihirse1@gmail.com

বিতরণ (সদয় অবগতি ও কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমাণুসারে নয়):

১. সিনিয়র সচিব/সচিব (সকল)
২. অতিঃ সচিব (সকল), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. যুগ্মসচিব (সকল), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. উপসচিব (সকল), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. সিনিয়র সহকারী সচিব (সকল), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. প্রোগ্রামার, আইসিটি শাখা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (অফিস আদেশটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)।
৯. হিসাবরক্ষণ কর্মকর্তা/সহকারী সচিব (সকল), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. প্রশাসনিক কর্মকর্তা (সকল), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. ব্যক্তিগত কর্মকর্তা (সকল), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. অফিস কপি/মাস্টার ফাইল।